Faruque Hassan
President

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২৩/ ০৩১৮

১৪ মে ২০২৩

## সম্মানিত সকল সদস্যগণের জন্য

বিষয়ঃ আগামী ২১-২৭ মে "পরিস্কার-পরিচ্ছন্নতা এবং বৈদ্যুতিক ও অগ্নি নিরাপত্তা মেইনটেন্যান্স" সপ্তাহ পালন প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী,

আসসালামু আলাইকুম।

আপনারা জানেন, বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের একটি বড় কারণ অধিক পরিমানে কার্বন নিঃসরন। যার ফলে তাপমাত্রা ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। ফলশ্রুতিতে সাম্প্রতিক কয়েকটি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে এবং ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। বৈশ্বিক উষ্ণায়ন রোধে বিজিএমইএ পরিবেশ ও মানুষের কল্যানে বিভিন্ন সময়ে বিভিন্ন উদ্যোগ গ্রহন করে থাকে। বর্তমানে আমাদের ১৯৬ টি লিড গ্রিন কারখানা রয়েছে যেগুলোর মধ্যে ৭০ টি প্লাটিনাম রেটেড এবং ১১২ টি গোল্ড রেটেড। বিজিএমইএ প্রতিনিয়ত কাজ করছে পোশাক খাতে গ্রিন কারখানার সংখ্যা বাড়ানোর জন্য।

এই ধারাবাহিকতায় বিজিএমইএ আগামী ২১-২৭ মে ২০২৩ পর্যন্ত "পরিস্কার-পরিচ্ছন্নতা এবং বৈদ্যুতিক ও অগ্নি নিরাপত্তার মেইনটেন্যান্স" সপ্তাহ পালন করার উদ্যেগ গ্রহন করেছে। এই কর্মসূচীর আওতায় কারখানা, অফিস, বাসাবাড়ি, আশেপাশের এলাকায় পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান এবং মশক নিধন কার্যক্রম চালানো হবে, সেইসাথে অনাকাঙ্খিত দূর্ঘটনা প্রতিরোধে কর্মক্ষেত্র ও বাসাবাড়িকে ঝুঁকিমুক্ত করার জন্য বৈদ্যুতিক ও অগ্নি নিরাপত্তামূলক সরঞ্জামগুলো ঠিকমতো রক্ষণাবেক্ষণ করা হয়েছে কিনা, তা নিশ্চিত করা হবে।

এই কর্মসূচী বিজিএমইএ কার্যালয়ে শুরু করা হবে এবং বিজিএমইএ'র সদস্যভুক্ত করখানাগুলোতে একই সাথে কর্মসূচী পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করছি। পাশাপাশি বিকেএমইএ, বিটিএমইএ, ক্রেতা প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী এবং অন্যান্য সকল অংশীজনদের'কে এ কার্যক্রমের সাথে সম্পৃক্ত করতে অনুরোধ জানাচ্ছি।

এ ব্যাপারে সরকারের সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থাকে সংযুক্ত করা হবে এবং সোশ্যাল মিডিয়ায় (# ট্যাগ) এর মাধ্যমে কর্মসূচী প্রদর্শিত হবে।

"পরিস্কার-পরিচ্ছন্নতা এবং বৈদ্যুতিক ও অগ্নি নিরাপত্তার মেইনটেন্যান্স" সপ্তাহ পালন কর্মসূচী সফল করার জন্য সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

**পোশাক শিল্প কারখানার বৈদ্যুতিক দূর্ঘটনা রোধে করনীয় নিম্নরূপ ঃ**

০১। কারখানার সকল বৈদ্যুতিক তার, ওয়্যারিং এবং অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদি যেমনঃ সাবষ্টেশন, জেনারেটর, মেইন সুইচবোর্ড, সাব-মেইনসুইচ বোর্ড, ডিষ্ট্রিবিউশন বোর্ড, জাংশন বোর্ড ও কারখানায় ব্যবহৃত সকল ধরণের বৈদ্যুতিক মেশিনারিজ সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ একজন BSC Engineer বা কমপক্ষে একজন Diploma Engineer দ্বারা নিয়মিত পরীক্ষা করানো।

০২। বৈদ্যুতিক ভোল্টেজ এবং তারসহ সকল বৈদ্যুতিক যন্ত্রপাতির তাপমাত্রা (Hotspot) নিয়মিত পরিমাপ করা।

০৩। সকল বৈদ্যুতিক যন্ত্রসমূহের জন্য ব্যবহৃত লোড অনুযায়ী সঠিক মানের তার ব্যবহার করা, উপযুক্ত আর্থিং সংযোগের বিষয়টি নিশ্চিত করা এবং মাসে অন্তত একবার সকল বৈদ্যুতিক তারের ইনসুলেশন পরীক্ষা করা।

০৪। অবিলম্বে কারখানায় দীর্ঘদিন ব্যবহৃত ক্ষতিগ্রস্থ বৈদ্যুতিক যন্ত্রপাতি, সার্কিট ব্রেকার, ওয়্যারিং, ভাঙ্গা প্লাগ ও সকেট, পাওয়ার কর্ড ইত্যাদি পরিবর্তন করা।

০৫। কারখানার বৈদ্যুতিক স্থাপনা ও চ্যানেলসমূহে জমে থাকা ডাষ্ট নিয়মিত পরিস্কার করা।

০৬। যে কোন বৈদ্যুতিক স্থাপনার কমপক্ষে ৩ ফুটের মধ্যে কোন মালামাল বা দাহ্য বস্তু না রাখা।

০৭। কারখানার সকল বৈদ্যুতিক কর্মকান্ড পরিচালনার জন্য সার্টিফিকেটধারী দক্ষ ইলেকট্রিশিয়ান নিযুক্ত রাখা।

**এয়ার কন্ডিশন (এসি) এবং গ্যাসের লাইনে বিস্ফোরণ রোধে করনীয় নিম্নরূপঃ**

০১। প্রতিটি এসি ব্যবহারের পূর্বে অভিজ্ঞ টেকনিশিয়ান দ্বারা পরীক্ষা করে নেয়া। প্রয়োজনে উপযুক্ত সার্ভিসিং করিয়ে ব্যবহার শুরু করা।

০২। এসি ব্যবহারের ক্ষেত্রে সঠিক মানসম্মত বৈদ্যুতিক তার ব্যবহার করা এবং কোন ক্রমেই এক্সটেনশন কর্ড ব্যবহার না করা। এসি'র সাথে সঠিক মানের সার্কিট ব্রেকার ব্যবহার করা।

০৩। এসির কনডেন্সার ও ফিল্টার নিয়মিত পরিস্কার করা।

০৪। এসির কম্প্রশোরে হাই টেম্পারেচার ও প্রেশার নিয়মিত পরীক্ষা করা।

০৫। এসির ভিতরের পাইপে কোথাও লিকেজ আছে কি না পরীক্ষা করা।

০৬। কম্প্রশোরে প্রয়োজনীয় রেফ্রিজারেন্ট আছে কি না তা পরীক্ষা করা এবং লিমিটের চেয়ে বেশী রেফ্রিজারেন্ট চার্জ না করা। অবশ্যই সঠিক পদ্ধতিতে সঠিক রেফ্রিজারেন্ট ব্যবহার করা।

০৭। কক্ষের আয়তন অনুযায়ী সঠিক পরিমানের (টন) এসি ব্যবহার করা এসি চলাকালীন সময়ে দরজা-জনালা বন্ধ রাখা।

০৮। এসির কাজে নিম্ন মানের তার, ওয়্যারিং, প্লাগ, সকেট ইত্যাদি ব্যবহার না করা। পাশাপাশি ভোল্টেজ ওঠা-নামা করা, ঝড়, প্রচন্ড বিদ্যুৎ চমকানো ও বজ্রপাতের সময় অথবা কোন অযাচিত শব্দ (Unwanted Noise) হলে অবশ্যই সাথে সাথে এসি বন্ধ করে দেয়া।

০৯। নতুন এসি ক্রয়ের ক্ষেত্রে অবশ্যই বিশ্বস্ত ও নির্ভরযোগ্য ব্রান্ডের এসি ক্রয় করা।

**বয়লার ব্যাবহারের ক্ষেত্রে নিম্নলিখিত সতর্কতা অবলম্বন করাঃ**

০১। বয়লারের সাথে বিদ্যুৎ ও গ্যাসের সংযোগ ও লাইনসমূহ নিয়মিত অভিজ্ঞ টেকনিশিয়ান দ্বারা পরীক্ষা করা।

০২। বয়লারের সকল ইনলেট ও আউটলেট নিয়মিত চেক করা।

০৩। বয়লারে ব্যবহৃত গ্যাসের প্রেশার সঠিক মাত্রায় রাখার ব্যবস্থা করা।

০৪। অবিলম্বে ত্রুটিপূর্ণ ও মেয়াদোত্তীর্ন বয়লার পরিবর্তন করা।

০৫। নতুন বয়লার ক্রয়ের ক্ষেত্রে বিশ্বস্ত ও নির্ভরযোগ্য বয়লার ক্রয় করা।

০৬। কারখানায় ব্যবহৃত সব ধরণের বয়লার অভিজ্ঞ ও প্রশিক্ষণপ্রাপ্ত অপারেটর দ্বারা পরিচালনা করা।

**"পরিস্কার-পরিচ্ছন্নতা" ক্ষেত্রে করনীয় নিম্নরূপঃ**

০১। ভবনের সম্মুখভাগ এবং আশেপাশের রাস্তাঘাটের সকল ময়লা-আবর্জনা পরিস্কার করা।

০২। ভবন প্রাঙ্গনে কোন লেক থাকলে তার পানি এবং জলজ ময়লা (কচুড়িপানা ইত্যাদি) পরিস্কার করা।



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

০৩। গাছের বাগান থাকলে আগাছা ও জঙ্গল পরিস্কার করা এবং মশা-মছি যাতে ডিম না পাড়তে পারে সে জন্য ফুলের টব বা অন্য কোনপাত্রে পানি জমে থাকলে তা পরিস্কার করা।

০৪। ভবনের দেয়ালে সটকানো পোষ্টার, চীকা ইত্যাদি এবং দেয়াল ও গ্লাসের ময়লা পরিস্কার করা করা।

০৫। বিশেষকরে কারখানা ভবনের সকল ঝুল ময়লা, বৈদ্যুতিক চ্যানেল, ইলেকট্রিক্যাল স্থাপনা এবং অগ্নি নির্বাপক যন্ত্রপাতি সমূহ পরিস্কার পরিচ্ছন্ন করা।

০৬। অফিস এবং কারখানার সকল প্রশ্রাবখানা, টয়লেট ইত্যাদি পরিস্কার ও দুর্গন্ধমুক্ত রাখা।

**বিজিএমইএ'র নিম্নোক্ত মনিটরিং অফিসারগন তাদের জোন অনুযায়ী কার্যক্রম মনিটর করবেন।**

| তারিখ | এরিয়া | মনিটরিং অফিসার | যোগাযোগের নম্বর |
|---|---|---|---|
| ২১ মে, ২০২৩ | বিজিএমইএ আশুলিয়া জোন | জনাব নুর আলম সিদ্দিকী, সিঃ নির্বাহ, বিজিএমইএ<br>জনাব মোঃ মাসুদ পারভেজ, জু. নির্বাহী, বিজিএমইএ | ০১৭১৫৭৪৮৪৭৮<br>০১৬২৮৬৯৫৭৬৮ |
| ২২ মে, ২০২৩ | বিজিএমইএ মিরপুর জোন | জনাব মোঃ জাকির হোসেন, সিঃ সহঃ সচিব, বিজিএমইএ<br>জনাব মিজানুর রহমান শিমুল, সিঃ সহঃ সচিব,বিজিএমইএ | ০১৭১১৩৮৭০০৩<br>০১৮১৭০৪৫৪৪৮ |
| ২৩ মে, ২০২৩ | বিজিএমইএ গাজীপুর জোন | জনাব হারুনুর রশীদ, সিঃ নির্বাহী, বিজিএমইএ<br>জনাব মোঃ মনিরুল ইসলাম, সিঃ নির্বাহী, বিজিএমইএ<br>জনাব মোঃ রফিকুল ইসলাম, জুনিয়র নির্বাহী, বিজিএমইএ | ০১৭১৬৮৫১৬২৩<br>০১৮১৭০২০৯৪৪<br>০১৫৫২৩২০৫০৩ |
| ২৪ মে, ২০২৩ | বিজিএমইএ<br>মগবাজার, বাড্ডা, রামপুরা ও তেজগাঁও জোন | জনাব মোঃ ফয়জুল হক খান, সিঃ সহঃ সচিব, বিজিএমইএ<br>জনাব মোঃ রিয়াজ মাহমুদ, সহঃ সচিব, বিজিএমইএ | ০১৮৬৪০০৯১৮৩<br>০১৭১২৮১৩৯৫১ |
| ২৫ মে, ২০২৩ | বিজিএমইএ<br>উত্তরখান, দক্ষিনখান ও টঙ্গী জোন | জনাব মোঃ রিয়াজ মাহমুদ, সহঃ সচিব, বিজিএমইএ<br>জনাব কবিরুল ইসলাম, সিঃ সহকারী সচিব, বিজিএমইএ | ০১৭১২৮১৩৯৫১<br>০১৭১৭৭১৬৬৮৯ |
| ২৬ মে, ২০২৩ | বিজিএমইএ সাভার জোন | জনাব এস.এম. শামীম, সহঃ সচিব, বিজিএমইএ<br>জনাব তপন কুমার বিশ্বাস, সিঃ নির্বাহী, বিজিএমইএ | ০১৬৭৭৮১৩২২৩<br>০১৭২৮৭৬৫৬৪৯ |
| ২৭ মে, ২০২৩ | বিজিএমইএ<br>নারায়ণগঞ্জ জোন | জনাব শামীম হাসান, সহঃ সচিব, বিজিএমইএ<br>জনাব মোঃ ওবায়দুল্যাহ, সহঃ সচিব, (সেফটি),বিজিএমইএ | ০১৯১৩৫২৯৯২১<br>০১৮২৩২১৫৫৪৪ |